



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd



নং-৩২৮/ক/অনু/২০১৩/১৭৪০

তারিখ : ০৭/১০/২০২০

বিষয়: ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজে অবৈধ গভর্নিং বডি বাতিল এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নিয়োগ বাতিল প্রসঙ্গে।

- সূত্রঃ ক. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং ৩৭.০৮.০০০০.৪০১.১৬.০০৫.১৯.৩৪, তারিখ ১৫/১০/২০১৯
খ. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৪৭, তারিখ: ০৪/০৯/২০১৯
গ. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৮৭, তারিখ: ২৭/০৮/২০২০
ঘ. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং ১৭২৫ তারিখ: ১৪/০৯/২০২০
ঙ. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং ১৭২৬ তারিখ: ১৪/০৯/২০২০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী এলাকায় অবস্থিত যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিয়োগ সংক্রান্ত অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে প্রতিষ্ঠানের গভর্নিং বডি অবৈধ ভাবে গঠিত হয়েছে মর্মে প্রমাণিত হয়। এছাড়া সভাপতি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের কারণ দর্শনোর জবাব সন্তোষজনক না হওয়ায় গভর্নিং বডির কার্যক্রম "The Intermediate and Secondary Education Ordinance 1961 (Ord. No XXXIII, Section II, Rule-18)" এবং প্রবিধানমালা ২০০৯ এর ৩৮ ধারা মোতাবেক অবৈধ গভর্নিং বডি বাতিল করা হলো।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ঢাকা,কে সভাপতি হিসেবে দায়িত্ব প্রদান করা হলো। অবৈধ ভাবে নিয়োগপ্রাপ্ত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মনিরুজ্জামান হাওলাদার এর নিয়োগ বিধি অনুযায়ী না হওয়ায় তাঁর নিয়োগ বাতিল এবং বিধি মোতাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিয়োগ দানসহ এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১২৪৭৬
ইমেইল:ic@dhakaeducationboard.gov.bd

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ঢাকা।

মেমো নং-১৭৪০(৯)

তারিখ: ০৭/১০/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪। উপ-সচিব, বেসরকারি মাধ্যমিক-১ শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৫। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। জেলা প্রশাসক, ঢাকা
- ৭। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা
- ৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা
- ৯। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০। অফিস কপি।

০৭.১০.২০২০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।